দৈনিক বাংলা

তারিখ 24 MAR 1988
পৃষ্ঠা ... 7 কলাম 2

004

# গুদাম থেকে লাখ লাখ টাকার শিক্ষা উপকরণ চুরি গেছে

ধানমন্ডীস্থ প্রাথমিক শিক্ষা ডিরেক্টরেটের গুদাম থেকে লাখ লাখ টাকার শিক্ষা-সরঞ্জামাদি নিয়মিতভাবে চুরি ও বিনষ্ট হওয়ার বিষয়টি অতি সম্প্রতি উদঘাটিত হয়েছে। এনা এ খবর দিয়েছে।

গরীব ছাত্ররা সংগ্রহ করতে সক্ষম নয় এমন বিপুল পরিমাণ মূল্যবান শিক্ষা-সরঞ্জাম ছাত্রদের মধ্যে বিলিবন্টন না করায় সেসব পোকায় কেটে নষ্ট করে ফেলেছে।

প্রাইমারী শিক্ষা ডিরেক্টরেট প্রণীত রিপোর্টে বলা হয়, প্রাইমারী স্কুলের কাজে ব্যবহারের জন্য এ যাবৎ ইউনিসেফ বাংলাদেশ সরকারকে সাড়ে ছয় শ মোটর সাইকেল দান করেছে। এসব মোটর সাইকেল পরবর্তী পর্যায়ে বিলি করার জন্য প্রাইমারী শিক্ষা ডিরেক্টরেটের ধানমন্ডীস্থ গুদামে মওজুদ রাখা হয়েছিল। রিপোর্টে বলা হয়, এ যাবৎ এসব মোটরসাইকেলের মধ্যে মাত্র ৪টি মোটরসাইকেল বিলি করা হয়েছে। বাদ বাকী মোটরসাইকেলের ভাগ্যে কি ঘটেছে, তা এখনও রহস্যাবৃত। তবে এসব মোটরসাইকেলের জন্য অবশ্য নিয়মিত পেট্রোল বরাদ্দ ও যন্ত্রাংশ খরিদ করা হচ্ছে।

এছাড়াও লাখ লাখ টাকার শত শত সাইকেল, টাইপ-রাইটার, ডুপ্লিকেটিং মেশিন, বিভিন্ন ধরনের স্টেশনারী দ্রব্য ও অন্যান্য শিক্ষা সরঞ্জাম, যেমন, চক ডাস্টার, কাগজ, নোটবই, স্টেনসীল পেপার, সায়েন্স-কিটস ইত্যাদি খোলা বাজারে বিক্রি হচ্ছে নতুবা যথাযথ রক্ষণাবেক্ষণের অভাবে বিনষ্ট হচ্ছে।